সংবাদ

তারিখ ... 11 JUN 2012 ...
পৃষ্ঠা ... ২৪ কলাম ... ২ ...

# শিক্ষা ব্যবসার জায়গা নয় — নাহিদ

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে শৃঙ্খলা ফিরিয়ে আনা হয়েছে। তিনি বলেন, শিক্ষা ব্যবসার জায়গা নয়। ব্যবসা করতে হলে তারা যেন অন্যত্র কাজ করেন। তিনি বলেন, সবার জন্য শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে সমন্বিত ও একীভূত শিক্ষা ব্যবস্থা উন্নয়নের কাজ চলছে।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'জাতীয় শিক্ষানীতি'র মতো 'শিক্ষানীতি বাস্তবায়ন কর্মকাঠামো' প্রণয়নে ব্যাপক আলোচনা, পর্যালোচনা করে সংশ্লিষ্টদের মতামত গ্রহণ করতে হবে।

তিনি গতকাল জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) মিলনায়তনে শিক্ষা অধিদপ্তরের পলিসি এডভাইস টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্স (পিএটিএ) প্রকল্প আয়োজিত কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদের সভাপতিত্বে কর্মশালায় অন্যদের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা সচিব এমএম নিয়াজউদ্দিন, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ইকবাল খান চৌধুরী, এসএম গোলাম ফারুক, পিএটিএ'র টিম লিডার এরিক পিটারসন, মাউশির পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. সিরাজুল হক প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পাবার সঙ্গে সঙ্গে জাতীয় শিক্ষানীতি প্রণয়নের উদ্যোগ নেয়। মাত্র চারমাসে একটি খসড়া শিক্ষানীতি প্রণয়ন করে সবার মতামত গ্রহণের লক্ষ্যে পর্যাপ্তসংখ্যক সেমিনার, কর্মশালা, প্রচার মাধ্যমে প্রচারসহ নানাভাবে মতামত গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে শিক্ষক, শিক্ষাবিদ, গবেষক, ব্যবসায়ী, বেসরকারি সংস্থা, আলেম-ওলামা এমনকি বিরোধদলীয় নেতাদের মতামতও নেয়া হয়েছে। এক বছর ধরে বিভিন্ন মতামত গ্রহণের ফলেই সেটি সর্বজন গ্রহণযোগ্য একটি জাতীয় শিক্ষানীতিতে পরিণত হয়েছে।

মন্ত্রী বলেন, বাস্তবায়ন নীতিকৌশল প্রণয়নের আগেই জাতীয় শিক্ষানীতির আলোকে সরকার পাঠ্যপুস্তক প্রদান, কারিকুলাম যুগোপযোগী, সমাপনী, জেএসসি পরীক্ষা প্রবর্তন, ২০ হাজার ৫০০ স্কুল-মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু, মাদ্রাসা শিক্ষার আধুনিকায়ন, কারিগরি খাতকে গুরুত্ব দেয়াসহ নানা পদক্ষেপ গ্রহণ করেছে।

তিনি শিক্ষক ও শিক্ষার মানোন্নয়ন এবং মনিটরিং ব্যবস্থা জোরদারকরণের পদ্ধতি উদ্ভাবনের আহ্বান জানান। তিনি ৮ম শ্রেণী পর্যন্ত বেসিক শিক্ষা বাধ্যতামূলক করে ৮ম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের পদ্ধতি বাস্তবায়নের পূর্বে ব্যাপকভাবে জনমত গ্রহণের পরামর্শ দেন।